এফবিসিসিআই ও রিহ্যাবের মধ্যে বৈঠক, বৈষম্য দূর করার আহ্বান

written by Chandradip News24 | October 28, 2024

চন্দ্রদ্বীপ ডেস্ক :: এফবিসিসিআই-এর প্রশাসক মো. হাফিজুর রহমানের সঙ্গে সাক্ষাৎ করেছেন রিয়েল এস্টেট অ্যান্ড হাউজিং অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (রিহ্যাব) নেতৃবৃন্দ। রোববার (২৭ অক্টোবর) বিকেলে রিহ্যাবের ভাইস প্রেসিডেন্ট (ফিন্যান্স) আব্দুর রাজ্জাকের নেতৃত্বে একটি প্রতিনিধি দল মতিঝিলের এফবিসিসিআই কার্যালয়ে তাঁর সঙ্গে সাক্ষাৎ করেন।

সাক্ষাতে রিহ্যাবের পরিচালক মো. কামরুল ইসলাম, মিরাজ মোক্তাদির, ড. মো. হারুন অর রশিদ, মুহাম্মদ লাবিব বিল্লাহ্ এবং মো. ইমদাদুল হক উপস্থিত ছিলেন।

বৈঠকে রিহ্যাব নেতৃবৃন্দ বলেন, বৈষম্যমূলক ড্যাপের কারণে জনমানুষের মধ্যে ক্ষোভ দেখা দিয়েছে। তারা বলেন , বৈষম্যমূলক ড্যাপ বাতিল না করলে জনগণের ক্ষোভ বেড়ে যাবে। রিহ্যাবের ভাইস প্রেসিডেন্ট আব্দুর রাজ্জাক ড্যাপে ফার -এর বৈষম্য দূরীকরণ এবং নির্মাণ বিধিমালা সংস্কারে এফবিসিসিআই -এর সহযোগিতা চান।

এফবিসিসিআই-এর প্রশাসক মো. হাফিজুর রহমান বলেন, রিহ্যাবের

যৌক্তিক দাবির সঙ্গে তারা সবসময় রয়েছে। তিনি আরও বলেন, প্রয়োজনে এফবিসিসিআই, রাজউক, রিহ্যাব এবং গৃহায়ন কর্তৃপক্ষের সমন্বয়ে একটি যৌথ সভা করার প্রয়োজন হতে পারে।